



প্রিয় পরিবারবর্গ,

যদি আপনার সন্তান 2019 সালে জন্মগ্রহণ করে থাকে, তবে সে 2023-এর হেমন্তে প্রি-K-তে ভর্তি হতে পারে। জানুয়ারির শেষ ভাগে ভর্তির আবেদন শুরু হবার আগে, যে তিনটি ভিন্ন প্রোগ্রাম বিন্যাস বা সেটিংয়ে প্রি-K অফার করা হয় সেগুলো সম্পর্কে জানতে আমরা আপনাকে উৎসাহিত করছি। আজ, আমরা ডিস্ট্রিক্ট স্কুলসমূহ তুলে ধরবো।

ডিস্ট্রিক্ট স্কুলগুলো হচ্ছে NYC DOE-এর পাবলিক এলিমেন্টারি স্কুলসমূহ। নিউ ইয়র্ক সিটিতে 32-টি স্কুল ডিস্ট্রিক্ট রয়েছে, এবং এই ডিস্ট্রিক্টগুলোর অভ্যন্তরীণ এলাকা হচ্ছে জোন। কিছু ডিস্ট্রিক্ট স্কুল প্রি-K অফার করে। দুই ধরনের ডিস্ট্রিক্ট স্কুল রয়েছে: **জোনভুক্ত এবং অ-জোনভুক্ত**। অধিকাংশ ডিস্ট্রিক্ট স্কুল জোনভুক্ত, এর অর্থ এই যে যেসব আবেদনকারী একটি সুনির্দিষ্ট স্কুলের জোনভুক্ত এলাকায় বসবাস করে, তাদের সেখানে ভর্তি হবার অগ্রাধিকার আছে। অ-জোনভুক্ত স্কুলগুলো সেসব আবেদনকারীদের অগ্রাধিকার দেয়, যারা ঐ স্কুলের মত একই ডিস্ট্রিক্টে বসবাস করে। আপনি **এখানে** আপনার ঠিকানা দেয়ার মাধ্যমে আপনি কোন ডিস্ট্রিক্টে বসবাস করেন এবং আপনার জোনভুক্ত স্কুল কোনটি (যদি প্রযোজ্য হয়), তা শনাক্ত করতে পারেন। **পরিবারেরা তাদের আগ্রহ অনুযায়ী যেকোনো স্কুলে আবেদন করতে পারে, এমনকি যদি সেটা তাদের জোন অথবা ডিস্ট্রিক্টের বাহিরে হয়ে থাকে তবুও।** অনুগ্রহ করে লক্ষ্য করবেন যে, সব ডিস্ট্রিক্ট স্কুলের প্রি-K প্রোগ্রাম নেই।

NYC-র তিনটি ডিস্ট্রিক্ট রয়েছে যেখানে সব স্কুল অ-জোনভুক্ত। যেসব ছেলেমেয়ে ডিস্ট্রিক্ট 1 (লোয়ার ইস্ট সাইড), ডিস্ট্রিক্ট 7 (সাউথ ব্রুক্স), এবং ডিস্ট্রিক্ট 23 (ব্রাউক্সভিল)-এ বসবাস করে, তাদের ডিস্ট্রিক্টের সকল স্কুলে ভর্তি হবার অগ্রাধিকার আছে।

2019 সালে জন্মগ্রহণকারী NYC-র সকল ছেলেমেয়ে ডিস্ট্রিক্ট স্কুলগুলোতে আবেদন করতে পারে। জোনভুক্ত আবেদনকারী (যদি প্রযোজ্য হয়), ভাইবোন, এবং ঐ ডিস্ট্রিক্টে বসবাসকারী আবেদনকারীরা প্রতিটি ডিস্ট্রিক্ট স্কুলের প্রি-K-তে অগ্রাধিকার পায়।

আপনি এই বিন্যাস বা সেটিং বিবেচনা করতে পারেন, যদি:

- আপনার সন্তানের কোনো বড় ভাই বা বোন স্কুলটিতে আগামী হেমন্তে (ফল-এ) অংশগ্রহণ করবে
- আপনার সন্তান স্কুলের জোন বা ডিস্ট্রিক্টে বসবাস করে
- আপনি আপনার সন্তানকে একই স্কুলে প্রি-K থেকে পঞ্চম (5) গ্রেড পর্যন্ত পড়াতে চান (বর্তমান শিক্ষার্থীরা সহ সকল ছেলেমেয়েকে কিভারগার্টেনে পুনরায় আবেদন করতে হবে)

আরও জানতে আগ্রহী? প্রি-K-তে ভর্তি সংক্রান্ত আরো তথ্যের জন্য আমাদের ওয়েবসাইট nyc.gov/preK দেখুন। প্রোগ্রামের বিকল্প বা অপশনগুলো অনুসন্ধান করতে আমরা মাইস্কুলস্-এ [প্রি-K ডিরেক্টরি](#) দেখার পরামর্শ দিচ্ছি। এছাড়াও, আসন্ন সপ্তাহগুলোতে প্রি-K-তে ভর্তিতে সহায়তা করার জন্য আমরা আরো তথ্য শেয়ার করবো!

আরও প্রশ্ন আছে কি? আমাদের 718-935-2009 নম্বরে ফোন করুন অথবা আপনার স্থানীয় [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#) পরিদর্শন করুন।

শুভেচ্ছান্তে,

3-K অ্যান্ড প্রি-K অ্যাডমিশনস্ টিম

এই ইমেইলটি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন কি? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে আমাদের প্রি-K-তে ভর্তি হতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) নিশ্চিত করুন। আপনি যদি আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আর কোনও ইমেইল পেতে না চান, তবে আনসাবসক্রাইব করতে অনুগ্রহ করে **এখানে** ক্লিক করুন।